

💵 সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ১৪৭

১/ বিবিধ হাদিসসমূহ

পরিচ্ছেদঃ আল্লাহর প্রশংসামূলক কতক বাক্যের ফযিলত

আরবী

147 عَنْ أَبِي الْأَشْعَثِ الصَّنْعَانِيّ أَنَّهُ رَاحَ إِلَى مَسْجِد دِمَشْقَ وَهَجَّرَ بِالرَّوَاحِ فَلَقِيَ شَدَّادُ بْنَ أَوْسٍ وَالصَّنْابِحِيُّ مَعَهُ, فَقُلْتُ: أَيْنَ تُرِيدَانِ _ يَرْحَمُكُمَا اللَّهُ _ قَالَا: نُرِيدُ هَاهُنَا إِلَى أَخِلَا مَرِيضٍ نَعُودُهُ, فَانْطَلَقْتُ مَعَهُمَا حَتَّى دَخَلَا عَلَى ذَلِكَ الرَّجُلِ، فَقَالَا لَهُ: كَيْفَ لَنَا مَرِيضٍ نَعُودُهُ, فَانْطَلَقْتُ مَعَهُمَا حَتَّى دَخَلَا عَلَى ذَلِكَ الرَّجُلِ، فَقَالَا لَهُ: كَيْفَ أَصْبُحْتَ قَالَ: أَصْبُحْتَ قَالَ: أَصْبُحْتُ بِنِعْمَةٍ، فَقَالَ لَهُ شَدَّادُ: أَبْشِرْ بِكَفَّارَاتِ السَّيِّئَاتِ وَحَطِّ الْخَطَايَا أَصْبُحْتَ قَالَ: أَصْبُحْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ: ﴿إِنَّ اللَّهَ _ عَزَّ وَجَلَّ _ يَقُولُ: إِنِّي فَإِنِّ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ: ﴿إِنَّ اللَّهَ _ عَزَّ وَجَلَّ _ يَقُولُ: إِنِّي الْإِنَّالِيْتُهُ وَأَجْرُوا إِذَا ابْتَلَيْتُهُ وَأَمُّهُ مِنْ الْخَطَايَا, وَيَقُولُ الرَّبُّ عَزَّ وَجَلَّ: أَنَا قَيَدْتُ عَبْدِي وَابْتَلَيْتُهُ وَأَجْرُوا كَيُولُ الرَّبُ عَزَّ وَجَلَّ: أَنَا قَيَدْتُ عَبْدِي وَابْتَلَيْتُهُ وَأَجْرُوا لَهُ كَمَا كُنْتُمْ تُجْرُونَ لَهُ وَهُو صَحِيحٌ» . (حم) حسن لغيره

বাংলা

১৪৭. আবূল আশআস সান'আনি থেকে বর্ণিত, তিনি দামেক্ষের মসজিদের উদ্দেশ্যে যাত্রা করে 'রাওয়াহ' নামক স্থানে দুপুরে অবস্থান করেন, সেখানে তিনি সাদ্দাদ ইবনু আউসের সাথে সাক্ষাৎ করেন, (তার সাথী) 'সুনাবিহি' তার সাথেই ছিল। আমি বললাম: কোথায় যাচ্ছেন, আল্লাহ আপনাদের ওপর রহম করুন, তারা বলল: এখানে আমাদের এক অসুস্থ ভাইয়ের সাথে সাক্ষাৎের ইচ্ছা করছি, আমরা তাকে দেখতে যাব। আমি তাদের সাথে চললাম, অবশেষে তারা ঐ ব্যক্তির নিকট গেল। তারা তাকে বলল: কিরূপ সকাল করলেন? সে বলল: আল্লাহর নিয়ামতসহ। সাদ্দাদ তাকে বলল: শুনাহের কাফফারা ও পাপ মোচনের সুসংবাদ গ্রহণ করুন, কারণ আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি: "আমি যখন আমার কোন মুমিন বান্দাকে পরীক্ষা করি, অতঃপর সে আমার মুসিবতের ওপর আমার প্রশংসা করে, নিশ্চয় সে ঐ বিছানা থেকে উঠে সে দিনের মত যে দিন তার মা তাকে বেগুনা জন্ম দিয়েছে। আল্লাহ তা'আলা বলেন: আমি আমার বান্দাকে আটকে রেখেছি, আমি তাকে মুসিবত দিয়েছি, অতএব তোমরা তার জন্য সওয়াব লিখতে থাক, যেমন তার সওয়াব লিখতে তার সুস্থ অবস্থায়"। [আহমদ] হাদিসটি হাসান লি গায়রিহি।



পাবলিশারঃ ইসলাম হাউস

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন